# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৯৯

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির সূচনা ও নবী-রাসূলদের আলোচনা

الفصل الاول (بَاب بدءالخلق وَذِكْرِ الْأَنْبِيَاءِ عَلَيْهِمُ الصَّلَاةُ وَالسَّلَامُ)

আরবী

وَعَن عمر قَالَ: قَامَ فِينَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَقَامًا فَأَخْبَرَنَا عَنْ بَدْءِ الْخَلْقِ حَتَّى دَخَلَ أَهْلُ الْجَنَّةِ مَنَازِلَهُمْ وَأَهْلُ النَّارِ مَنَازِلَهُمْ حَفِظَ ذَلِكَ مَنْ حَفِظَهُ وَنَسِيَهُ مَنْ نسيه . رَوَاهُ الْبُخَارِيّ

رواه البخارى (3192) ـ

(صَحِيح)

বাংলা

৫৬৯৯-[২] ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ (সা.) আমাদের মাঝে দাঁড়িয়ে ভাষণ দিলেন, এতে তিনি সৃষ্টির সূচনা হতে জান্নাতবাসীদের তাদের বাসস্থানে প্রবেশ এবং জাহান্নামীদের তাদের শাস্তির স্থলে প্রবেশ পর্যন্ত আলোচনা করলেন। সে আলোচনা যে স্মরণ রাখার সে স্মরণ রেখেছে, আর যে ভোলার সে ভুলে গেছে। (বুখারী)

ফুটনোট

সহীহঃ বুখারী ৩১৯২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (قَامَ فِينَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَقَامًا)“রাসূলুল্লাহ (সা.) আমাদের মাঝে দাঁড়ালেন।” (مَقَامًا) শব্দটি ব্যাকরণে মাসদার। এর দ্বারা উদ্দেশ্য হলো, রাসূল (সা.)-এর দাঁড়ানোটা বিরাট গুরুত্বপূর্ণ ছিল। তিনি

দাঁড়িয়ে সৃষ্টির সূচনা ও সমাপ্তির বর্ণনা দিলেন। অর্থাৎ জান্নাত প্রবেশ পর্যন্ত তার সমস্ত উম্মাতের অবস্থা তুলে ধরলেন। উম্মতের মাঝে কাদের জন্য কল্যাণ এবং কাদের জন্য অকল্যাণ লেখা হয়েছে, কারা কল্যাণ নিয়ে জান্নাতে প্রবেশ করবে এবং অকল্যাণ নিয়ে জাহান্নামে প্রবেশ করবে তাদেরকে নির্দিষ্ট করে দিলেন। (মিরকাতুল মাফাতীহ)

ইবনু হাজার (রহিমাহুল্লাহ) বলেন, (فَأَخْبَرَنَا عَنْ بَدْءِ الْخَلْقِ حَتَّى) "আমাদেরকে খবর দিলেন এমনকি..." অর্থাৎ পৃথিবীর সূচনার কথা একের পর এক বলতে থাকলেন। এমনকি মানুষের সর্বশেষ ঠিকানা ও অবস্থান জান্নাত ও জাহান্নামের কথা বলে শেষ করলেন। কারা জান্নাতে প্রবেশ করবে এবং কারা জাহান্নামে; ভবিষ্যতের এ কথাকে (دخل)তথা অতিতকালের ক্রিয়া দিয়ে ব্যক্ত করার কারণ হলো নিশ্চয়তা বুঝানো। কেননা ভবিষ্যতের নিশ্চিত কর্মকে অতিতকালের ক্রিয়া দ্বারা ব্যক্ত করার প্রচলন রয়েছে এবং এতে নিশ্চয়তার অর্থ রয়েছে। (ফাতহুল বারী হা. ৬/২৯০)
(فَأَخْبَرَنَا عَنْ بَدْءِ الْخَلْقِ)তিনি শুরু এবং শেষের সমস্ত বর্ণনা দিলেন। এমনকি জান্নাতীরা জান্নাতে প্রবেশ করার আগ পর্যন্ত আর জাহান্নামীগণ জাহান্নামে প্রবেশ করা এবং সেখানকার অবস্থান সম্পর্কে বিস্তারিত বর্ণনা দিলেন। ইবনু হাজার (রহিমাহুল্লাহ) বলেন যে, একই মাজলিসে সৃষ্টিজীবের শুরু থেকে শেষ পর্যন্ত সমস্ত বর্ণনা দেয়াটা রাসূলুল্লাহ (সা.) -এর মু'জিযা মাত্র। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85675

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন